লক্ষ্মীপুরে ডাকাত সন্দেহে যুবককে গণপিটুনি

লক্ষ্মীপুরে ডাকাত সন্দেহে সুজন (২৭) নামের এক যুবককে গনপিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছে উত্তেজিত জনতা। শুক্রবার ভোরে সদর উপজেলার দত্তপাড়া এলাকার মাখন বাড়ির সামনে এ ঘটনা ঘটে।

আহত যুবক সুজনকে পুলিশি পাহারায় লক্ষ্মীপুর সদর হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। গণপিটুনির শিকার যুবক সুজন সদরের মান্দারী ইউনিয়নের পশ্চিম জামিরতলী এলাকার আব্দুল হাফিজের ছেলে।

স্থানীয় এলাকাবাসী ও পুলিশ জানায়, ভোর রাতে ৭ জনের ডাকাত দল দত্তপাড়া এলাকার হিন্দু বাড়িতে ডাকাতির চেষ্টা করে। এসময় স্থানীয় এলাকাবাসী তাদের ধাওয়া করে। এসময় অন্যরা পালিয়ে গেলেও সুজনকে আটক করে গনপিটুনি দিয়ে পুলিশে খবর দেয়।

হাসপাতালে চিকিৎসাধীন যুবক জানান, দত্তপাড়া এলাকার নিকু রাতে তাকে খবর দিয়ে নিয়ে যায়। এসময় নোয়াখালীর মাইজদী এলাকার আরো ৫ জন তাদের সঙ্গে ছিল।

চন্দ্রগঞ্জ থানার ওসি আবুল কালাম আজাদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সুজনকে ডাকাত সন্দেহে গণপিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করে স্থানীয়রা। সে ডাকাত না চোর তা এখনো জানা যায়নি। সুজনকে পুলিশ পাহারায় চিকিৎসা দেওয়াসহ বিষয়টি তদন্ত চলছে। তদন্তের পর আইনগত ব্যবস্থা নেয়া হবে।